

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়

ময়মনসিংহ বন বিভাগ

**বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার,  
২০০২ প্রদানের জন্য মনোনয়ন আহ্বানঃ**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, প্রতি বৎসরের ন্যায় এ বৎসরও "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার, ২০০২" প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। সেই প্রেক্ষিতে ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলার আগ্রহী ব্যক্তি ও বিভিন্ন সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান, সংস্থা ইত্যাদির নিকট হইতে "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার, ২০০২" এর জন্য নিম্নোক্ত ১১ (এগার)টি শ্রেণীতে মনোনয়নপত্র/ দরখাস্ত আহ্বান করা যাইতেছে। মনোনয়ন সংক্রান্ত আবেদনপত্র বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের কার্যালয়, সংশ্লিষ্ট জেলার সহকারী বন সংরক্ষক এর কার্যালয়, ফরেস্ট রেঞ্জ কর্মকর্তার কার্যালয়, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র হইতে আবেদনপত্রের নমুনা সংগ্রহ করা যাইবে। ২৫/৫/২০০২ইং তারিখের মধ্যে আবেদনপত্রসমূহ যথাযথভাবে পূরণ করিয়া বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় অথবা সংশ্লিষ্ট সহকারী বন সংরক্ষক এর কার্যালয় অফিস চলাকালীন সময়ে দাখিল করিতে হইবে। প্রয়োজনে মনোনয়ন সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হইতে জানিতে পারা যাইবে।

**১১ (এগার)টি শ্রেণী**

- ১। প্রাথমিক বিদ্যালয়/ জুনিয়র মাদ্রাসা।
- ২। উচ্চ বিদ্যালয়/ সিনিয়র মাদ্রাসা।
- ৩। বালিকা উচ্চ বিদ্যালয়/ মহিলা কলেজ।
- ৪। কলেজ/ বিশ্ববিদ্যালয়।
- ৫। ধর্মীয় প্রতিষ্ঠান (মসজিদ, মন্দির, গীর্জা)।
- ৬। ইউনিয়ন/ থানা/ জেলা পরিষদ।
- ৭। পৌরসভা/ কর্পোরেশন।
- ৮। মন্ত্রণালয়/ বিভাগ/ কর্পোরেশন/ প্রতিষ্ঠান।
- ৯। এনজিও/ ক্লাব/ বৈচ্ছাসেবী সংস্থা।
- ১০। ব্যক্তিগত পর্যায়ে বৃক্ষরোপণ।
- ১১। ব্যক্তিগত পর্যায়ে বৃক্ষরোপণ নার্সারী।

(মোঃ আব্দুল দাতিক মিয়া)

বিভাগীয় বন কর্মকর্তা,

ময়মনসিংহ বন বিভাগ।

ডিএফপি-৯৬৫৬

স-১৪৯৮(৭×২)